(৫০০৮০)
তারবার্তাঃ
বাংলা ব্যাংক
দুরালাপনীঃ ৭১২৬১০১-২০

# বাংলাদেশ ব্যাংক
**প্রধান কার্যালয়**
**ডাকবাক্স নং ৩২৫**
**ঢাকা।**
www.bangladeshbank.org.bd

**এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ**

এসএমইএসপিডি সার্কুলার নং -০২

তারিখঃ ২০ ভাদ্র ১৪১৮ বঙ্গাব্দ
০৪ সেপ্টেম্বর ২০১১ খ্রীষ্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান
প্রধান কার্যালয়
ঢাকা।

প্রিয় মহোদয়,

**বিষয়ঃ স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম 'বাংলাদেশ ব্যাংক ফান্ড' এর নীতিমালায় কতিপয় সংশোধন/সংযোজন/পরিবর্তন প্রসংগে।**

স্মল এন্টারপ্রাইজ খাতে বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন স্কীম 'বাংলাদেশ ব্যাংক ফান্ড' এর নীতিমালায় নিম্নবর্ণিত পরিবর্তন/সংশোধন/সংযোজন আনয়নের সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

০১. ক্ষুদ্র উদ্যোগের ন্যায় কুটির ও মাইক্রো উদ্যোগেও পুনঃঅর্থায়নের আবেদন বিবেচনা করা হবে।

০২. নারী উদ্যোক্তাদের ক্ষেত্রে ক্ষুদ্র উদ্যোগে ১০% (ব্যাংক রেট+৫%) সুদ হারে প্রচলিত পুনঃঅর্থায়ন কার্যক্রম কুটির ও মাইক্রো উদ্যোগেও প্রযোজ্য হবে।

০৩. নারী উদ্যোক্তাদেরকে অগ্রাধিকার ভিত্তিতে ম্যানুফ্যাকচারিং, সেবা ও ব্যবসা খাতে প্রদত্ত ঋণের ১০০% পুনঃঅর্থায়ন করা হবে। তবে তহবিল অপর্যাপ্ত হলে শুধুমাত্র শিল্প(ম্যানুফ্যাকচারিং) ও সেবা খাতে পুনঃ অর্থায়ন দেয়া হবে।

০৪. নারী উদ্যোক্তা ব্যতীত অন্যান্য উদ্যোক্তাদের ক্ষেত্রে কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগে কেবলমাত্র ম্যানুফ্যাকচারিং ও সেবা খাতে তহবিল পর্যাপ্ততা সাপেক্ষে প্রদত্ত ঋণের ১০০% পুনঃঅর্থায়ন করা হবে।

০৫. কুটির শিল্প/উদ্যোগে পুনঃঅর্থায়ন সীমা ১০ হাজার টাকা থেকে ৫ লক্ষ টাকা পর্যন্ত ও মাইক্রো শিল্প/উদ্যোগে পুনঃঅর্থায়ন সীমা ২০ হাজার টাকা থেকে ১০ লক্ষ টাকা পর্যন্ত নির্ধারণ করা হ'ল।

০৬. ক্ষুদ্র শিল্প/উদ্যোগে পুনঃঅর্থায়নের সীমা ৫০ হাজার টাকা থেকে সর্বোচ্চ ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত অপরিবর্তিত থাকবে।

০৭. 'বাংলাদেশ ব্যাংক ফান্ড' থেকে পুনঃঅর্থায়ন গ্রহণের আবেদন ত্রৈমাসিকের পরিবর্তে মাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংকে দাখিল করতে হবে। পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে পুনঃঅর্থায়ন আবেদন বাংলাদেশ ব্যাংকে দাখিলে ব্যর্থ হলে তা তৎপরবর্তী মাসের আবেদনের সাথে দাখিল করা যাবে।

০৮. 'বাংলাদেশ ব্যাংক ফান্ড' এর অন্যান্য প্রচলিত নীতিমালা অপরিবর্তিত থাকবে।

এ সার্কুলার অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(সুকোমল সিংহ চৌধুরী)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৭১৬৫৩২২